**Website: www.bb.org.bd**

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং - ০৪

১১ মাঘ ১৪২৮
তারিখ ঃ -----------------------
২৫ জানুয়ারি ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**ব্যাংক-কোম্পানীর এন্ট্রি লেভেলের কর্মকর্তা-কর্মচারীগণের বেতন-ভাতাদি প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে ২০ জানুয়ারি ২০২২ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং ০২ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত সার্কুলারের ৩.৬ ক্রমিকে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হয়েছে :-

> “শুধুমাত্র নির্ধারিত লক্ষ্য অর্জন করতে না পারা বা অদক্ষতার অজুহাতে ব্যাংক-কোম্পানীর কর্মকর্তাগণকে প্রাপ্য পদোন্নতি হতে বঞ্চিত করা যাবে না। অনুরূপ অজুহাতে কর্মকর্তা-কর্মচারীগণকে চাকুরিচ্যুত করা যাবে না, অর্থাৎ সুনির্দিষ্ট ও প্রমাণিত কোনো অভিযোগ না থাকলে কর্মকর্তা-কর্মচারীগণকে চাকুরিচ্যুত করা বা পদত্যাগে বাধ্য করা যাবে না;”।

০৩। উপরোক্ত অনুচ্ছেদে বর্ণিত বিষয়াবলী সার্বিকভাবে বিশ্লেষণ না করে কোনো কোনো পর্যায় থেকে খন্ডিতভাবে বিভ্রান্তিমূলক ব্যাখ্যা প্রদান করায় ব্যাংক কর্তৃক উক্ত সার্কুলারের নির্দেশনা পরিপালনে বিঘ্ন সৃষ্টি হচ্ছে, যা কাম্য নয়।

০৪। এক্ষণে, সৃষ্ট বিভ্রান্তি দূরীকরণ এবং উক্ত সার্কুলারের নির্দেশনা স্পষ্টীকরণের লক্ষ্যে এ মর্মে জানানো যাচ্ছে যে, অদক্ষতার কারণে চাকুরিচ্যুত করা যাবে না বা অদক্ষদের পদোন্নতি দিতে হবে এ ধরণের নির্দেশনা উপরোক্ত অনুচ্ছেদে বা সার্কুলারের কোথাও বলা হয়নি। সুনির্দিষ্ট ও প্রমাণিত কোনো অভিযোগ থাকলে অভিযুক্ত কর্মকর্তা-কর্মচারীগণের বিরুদ্ধে ব্যাংকের নিজস্ব নীতিমালা/বিধিমালা অনুসরণে প্রশাসনিক কার্যক্রমে কোনো বিধিনিষেধও আরোপ করা হয়নি।

০৫। তবে, আলোচ্য অনুচ্ছেদে শুধুমাত্র আমানত সংগ্রহের লক্ষ্যমাত্রা অর্জন করতে না পারা বা কোনোরূপ প্রমাণিত অভিযোগ ছাড়াই অদক্ষতার অজুহাত দেখিয়ে কর্মকর্তা-কর্মচারীগণের পদোন্নতি হতে বঞ্চিত অথবা চাকুরিচ্যুত অথবা পদত্যাগে বাধ্য করা যাবে না মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছে।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ আলী আকবর ফরাজী)
মহাব্যবস্থাপক
ফোন-৯৫৩০০৯৫